নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২
NAOGAON PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নজিপুর, পত্নীতলা, নওগাঁ।
মোবাইল- 01769402190
E-mail : naogaonpbs2@gmail.com
Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০২.০০৮.২৪- ৩৩ ১১

তারিখঃ ১৩ অগ্রহায়ন, ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর, ২০২৪ খ্রিঃ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ নিম্নোক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

## পদের নামঃ লাইন টেকনিশিয়ান।

০১। আবেদন করার নিয়মাবলীঃ

আবেদনকারীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সহ আবেদন পত্র সহকারে আগামী ২২/১২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পত্নীতলা, নওগাঁ-তে স্ব-শরীরে উপস্থিত হয়ে পদোন্নতি পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০২। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮/৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (মূল ড্রাইভিং লাইসেন্স সাথে আনতে হবে)।
(ঙ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(চ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি।
(ছ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(জ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ঞ) সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। প্রার্থীর যোগ্যতাঃ

(ক) লাইনম্যান গ্রেড-১ পদে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষন ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে।
(ঘ) বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষনাবেক্ষণ জ্ঞান থাকতে হবে।
(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(চ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার সক্ষমতা থাকতে হবে।
(ছ) লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং পবিস নির্দেশিকা মোতাবেক ৩.৫০ থাকতে হবে।

০৪। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে না।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বৎসরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বৎসরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বৎসরের ভিতর একাধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বৎসরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একাধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

অঃ পৃঃ দ্রঃ



Salim

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য লাইন টেকনিশিয়ান (চলতি দায়িত্ব) পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে লাইন টেকনিশিয়ান পদে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা পূর্ববর্তী পদে ফেরৎ প্রদান করা হবে।

০৬। অতীত কর্মসম্পাদনার মান ও নির্বাচনী পরীক্ষা সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের মধ্যে হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল তৈরী করা হবে। প্রয়োজন অনুযায়ী জ্যৈষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৭। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০৮। অত্র পবিসের ভৌগলিক এলাকায় (নওগাঁ জেলার পত্নীতলা, মহাদেবপুর এর আংশিক অর্থাৎ ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন ব্যতীত, পোরশা, সাপাহার এবং ধামইরহাট উপজেলা) স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

১০। অত্র পবিসের কর্মকর্তা/ কর্মচারী বা এলাকা পরিচালক/ মহিলা পরিচালকগণের স্বামী/ স্ত্রী অথবা তাঁদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমাণিত হয়, তবে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুতি সহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(স্বাক্ষরিত) ১১/২৪

(মোঃ শাহিন কবির)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

<u>অনুলিপিঃ</u> (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

০৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ......................১/২/৩/৪।

০৬। সকল ডিজিএম, নওগাঁ পবিস-২ ।

০৭। সকল এজিএম, নওগাঁ পবিস-২ ।

০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**http://pbs2.naogaon.gov.bd**), নওগাঁ পবিস-২ (এজিএম-আইটি ওয়েব সাইটে প্রকাশ করবেন)।

০৯। অফিস/মাষ্টার কপি।

(স্বাক্ষরিত) ১১/২৪

(মোঃ শাহিন কবির)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)